

💵 গুনাহ মাফের উপায়

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় : গুনাহ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ শাহাদাৎ হুসাইন খান ফয়সাল (রহ.)

গুনাহ কাকে বলে?

'গুনাহ' শব্দটি বাংলা ভাষায় বহুল প্রচলিত হলেও এটি মূলত ফার্সি শব্দ।[1] গুনাহ বুঝাতে বাংলায় আরও একটি বহুল প্রচলিত শব্দ হচ্ছে পাপ। বাংলা অভিধানে এর অর্থ লেখা হয়েছে অন্যায়, কলুষ, দুষ্কৃতি ইত্যাদি।[2] আরবীতে গুনাহ বা পাপ বুঝানোর জন্য অনেকগুলো পরিভাষা ব্যবহৃত হয়। যেমন, আল ইম্ম (الخِيلُ), আল খাত্বা ও আল খাত্বীআহ্ (الخِيلُة), আল মা'সিয়াহ্ (المعصيةُ), আল জুর্ম (الخِيلُة), আয্ যাম্ব যাম্ব (الخِيلُة) ইত্যাদি। এ সকল পরিভাষার মাঝে কিছু সূক্ষ পার্থক্য থাকলেও মূলত যা বুঝায় তা হলো, আল্লাহ তা'আলা ও তাঁর রাসূল (সা.)-এর আদেশ পালন না করা বা তাঁদের বিরুদ্ধাচরণ করা ও তাঁদের নিষেধকৃত কাজ করা, তা প্রকাশ্যেই হোক বা গোপনে হোক।

ফুটনোট

- [1]. বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান, পৃ. ৩৬২।
- [2]. বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান, পৃ. ৭৪৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9090

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন